# AKASHVANI(AIR)
# RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 15-02-2026** **Time: 7.50 PM**

-

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যে বসবাসের প্রমাণপত্র জমা দেওয়া ভোটারদের ৯৯ শতাংশই কমিশনের শর্ত পূরণ করতে পারেনি বলে কমিশনের পর্যবেক্ষণে জানা গেছে।

২) রাজ্যের বিভিন্ন সরকারী হাসপাতালে চিকিৎসা পরিষেবা আরও সহজলভ্য করতে বহির্বিভাগ এখন বিকেলেও খোলা থাকবে।

৩) রাজ্যের হিমঘরগুলিতে আলু তোলার কাজ শুরু হচ্ছে আগামী পয়লা মার্চ।

৪) রাজ্যের শৈবতীর্থগুলিতে ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ উদযাপিত হচ্ছে মহা-শিবরাত্রি। নেমেছে ভক্তদের ঢল। রাষ্ট্রপতি,উপ-রাষ্ট্রপতি,প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রী শিবরাত্রি উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন।

৫) বিশ্বজুড়ে আজ আন্তর্জাতিক শিশু ক্যান্সার প্রতিরোধ দিবস উদযাপিত হচ্ছে।

৬) রঞ্জি ট্রফি সেমিফাইনালে প্রথম দিনের শেষে বাংলা, জম্মু ও কাশ্মীরের বিরুদ্ধে প্রথম ইনিংসে পাঁচ উইকেটে ২৪৯ রান করেছে।

ooooooooooooooooooo

রাজ্যে বসবাসের প্রমাণপত্র বা ডোমিসাইল সার্টিফিকেট জমা দেওয়া ভোটারদের বড় অংশই কমিশনের নির্ধারিত শর্ত পূরণ করছেন না বলে প্রাথমিক পর্যবেক্ষণে উঠে এসেছে। নির্বাচন কমিশন সূত্রে খবর, এখনও পর্যন্ত যাঁরা ডোমিসাইল সার্টিফিকেট জমা দিয়েছেন, তাঁদের প্রায় ৯৯ শতাংশই ওই শংসাপত্রের প্রকৃত অধিকারী নন।

কমিশনের গাইডলাইন অনুযায়ী, শর্ত পূরণ না করলে সেই বসবাসের শংসাপত্র গ্রহণযোগ্য হবে না। ফলে সংশ্লিষ্ট ভোটারদের নাম চূড়ান্ত তালিকা থেকে বাদ পড়তে পারে বলেই কমিশন সূত্রে ইঙ্গিত।

নির্বাচন কমিশনের তরফে জানানো হয়েছে, প্রতিটি নথি খতিয়ে দেখেই চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে। নিয়ম অনুযায়ী যাঁরা বৈধ নথি দেখাতে পারবেন না, তাঁদের নাম তালিকা থেকে বাদ দেওয়ার প্রক্রিয়া চালানো হবে।

oooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে SIR এর শুনানি পর্বের শেষ দিনে প্রাথমিক হিসাব অনুযায়ী রাজ্যে প্রায় ৬ লক্ষ ৬১ হাজার ভোটারের নাম তালিকা থেকে বাদ পড়তে পারে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। নোটিস পাওয়ার পরেও প্রায় ৪ লক্ষ ৯৮ হাজার ভোটার শুনানিতে হাজির হননি। অন্য দিকে, শুনানির নথি খতিয়ে দেখে মাইক্রোঅবজারভাররা প্রায় ১ লক্ষ ৬৩ হাজার ভোটারকে 'অযোগ্য' বলে চিহ্নিত করে কমিশনের কাছে রিপোর্ট পাঠিয়েছেন।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন সংবিধান নির্দিষ্ট ক্ষমতার মধ্যে থেকেই স্বচ্ছ ভোটার তালিকা তৈরির কমিশনের উদ্দেশ্য।

ভুলভ্রান্তির কারণে যদি নাম চূড়ান্ত ভোটার তালিকায় বাদ পড়ে, তাহলে তারাও নিজেদের দাবি নির্বাচন কমিশনের কাছে জানাতে পারবেন বলে মুখ্য নির্বাচনী আধিকারিক জানিয়েছেন।

এদিকে নতুন মাইক্রোঅবজারভারদের প্রশিক্ষণ শুরু করতে রাজ্যের সব জেলাশাসকদের নির্দেশ দেওয়া হয়েছে। কমিশনের তরফে জানানো হয়েছে, নির্ধারিত সময়ের মধ্যে প্রশিক্ষণ শেষ করে তাঁদের কাজে নামানো হবে।

oooooooooooooooooooo

রাজ্যের বিভিন্ন সরকারি হাসপাতালের আউটডোরে রোগীদের চাপ কমাতে এবং চিকিৎসা পরিষেবা আরও সহজলভ্য করতে তাদের বহির্বিভাগ এখন বিকেলেও খোলা থাকবে । স্বাস্থ্য দপ্তর সূত্রে জানা গিয়েছে, প্রথম পর্যায়ে সুপার স্পেশ্যালিটি, স্টেট জেনারেল ও মহকুমা হাসপাতালগুলিতে বিকেল ৩টা থেকে ৬টা পর্যন্ত বহির্বিভাগ খোলা রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ইতিমধ্যেই প্রতিটি জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকদের এই নির্দেশ পাঠানো হয়েছে। শুরুতে প্রায় ৮৫টি সরকারি হাসপাতালে এই পরিষেবা চালু হবে। এর মধ্যে রয়েছে ৭১টি সুপার স্পেশ্যালিটি, স্টেট জেনারেল ও মহকুমা হাসপাতাল এবং ১৪টি জেলা হাসপাতাল।

দপ্তর সূত্রে জানা গিয়েছে, কোনও বিভাগে অন্তত চার থেকে পাঁচ জন চিকিৎসক থাকলেই সেখানে বিকেলের আউটডোর চালু করা হবে। ইতিমধ্যে বেশ কয়েকটি জেলায় প্রস্তুতিও শুরু হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের হিমঘরগুলিতে আলু তোলার কাজ শুরু হচ্ছে আগামী ১ মার্চ থেকে । ছোট ও প্রান্তিক চাষিদের জন্য মোট সংরক্ষিত জায়গার ৩০ শতাংশ প্রথমে বরাদ্দ রাখা হবে বলে জানিয়েছে রাজ্যের কৃষি বিপণন দপ্তর। ‘আগে এলে আগে’ ভিত্তিতে ওই জায়গা পাওয়া যাবে। এক জন চাষি সর্বোচ্চ ৩৫ কুইন্টাল বা ৭০ বস্তা পর্যন্ত আলু রাখতে পারবেন।

রাজ্যের কৃষি বিপণন দপ্তরের মন্ত্রী বেচারাম মান্না জানিয়েছেন, প্রতি বছরই আলু তোলার মরসুমে চাষিদের জন্য হিমঘরে জায়গা রাখা হয়, যাতে ফসল কাটার পরে সুষ্ঠু সংরক্ষণ করা যায়। গত বছর সংরক্ষিত জায়গার পরিমাণ ২০ শতাংশ থেকে বাড়িয়ে ৩০ শতাংশ করা হয়েছিল, যাতে আরও বেশি সংখ্যক ছোট ও প্রান্তিক চাষি তাঁদের উৎপাদিত আলু সংরক্ষণ করতে পারেন।

সম্প্রতি দপ্তরের তরফে জারি করা নির্দেশিকায় জানানো হয়েছে, জেলাশাসকেরা সংশ্লিষ্ট জেলায় এই ব্যবস্থার বাস্তবায়ন দেখভাল করবেন। ২০ মার্চ পর্যন্ত ব্লক ও জেলা স্তরে নিয়মিত পর্যালোচনা হবে এবং সমস্ত অংশীদারদের নিয়ে হিমঘরে আলু তোলার কাজ নির্বিঘ্ন রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

তবে ২০ মার্চের পর সংরক্ষিত জায়গার যে অংশ খালি থাকবে, তা হিমঘর মালিকেরা নিজেদের মতো ব্যবহার করতে পারবেন। এ ক্ষেত্রে মালিকদের কোনও ক্ষতিপূরণ দেওয়া হবে না

বলেও স্পষ্ট করা হয়েছে। যদিও সাধারণ জায়গায় প্রচলিত নিয়ম অনুযায়ী অন্য চাষি বা ভাড়াটেরাও আলু সংরক্ষণ করতে পারবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

আগামী অর্থ বছরের প্রথম চার মাসের অন্তর্বর্তী বাজেটে ঘোষিত বাংলার যুব সাথী সহ বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পের সুবিধা নেওয়ার জন্য রাজ্যজুড়ে ২৯৪টি বিধানসভা কেন্দ্রে আজ থেকে আবেদন পত্র গ্রহণের কাজ শুরু হয়েছে। প্রথম দিনে বিভিন্ন শিবিরে অফলাইনে পাঁচ লক্ষের বেশি আবেদন জমা পড়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। এরমধ্যে বাংলার যুব সাথী প্রকল্পে সব থেকে বেশি আবেদন জমা পড়েছে। এছাড়াও কৃষক খেতমজুরদের বার্ষিক আর্থিক সহায়তা এবং তাদের সেচের জল ব্যবহারে জল কর মুকুব ও লক্ষীর ভান্ডার সংক্রান্ত প্রকল্পেও আবেদন জমা নেওয়ার কাজ চলছে। আগামী ২৬ তারিখ পর্যন্ত সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত শিবিরগুলিতে এই আবেদন জমা নেওয়া হবে। পরে জমা পরা সব আবেদন যাচাই করে আগামী পয়লা এপ্রিল থেকে প্রকল্পের সুবিধা পাবেন বৈধ সুবিধাভোগীরা।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে বেকার ভাতার জন্য লম্বা লাইন দেখে পশ্চিমবঙ্গে অর্থনীতির দৈনদশার চিত্রই স্পষ্ট হয়ে ওঠে বলে কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী মন্তব্য করেছেন। ভোটের দিকে তাকিয়ে সরকারি কোষাগার থেকে এই ভাতা দেওয়ার ব্যবস্থা বলে মন্তব্য করেন তিনি।

(বাইট – আধীর)

বিজেপি নেতা দিলীপ ঘোষ বেকার ভাতার বিরোধিতা করে বলেন, পূর্ববর্তী সিপিআইএণ নেতৃত্বাধীন সরকারও ভাতা চালু করেছিল, তাতে কারও লাভ হয়নি বলে তিনি জানান

(বাইট – দিলীপ ঘোষ)

০০০০০০০০০০০০০০০০০০০০

আজ মহা শিবরাত্রি। রাজ্য তথা দেশের বিভিন্ন শৈব তীর্থে আজ এই উপলক্ষে বিভিন্ন শিব মন্দিরে পুজো দিচ্ছেন ভক্তরা। কিংবদন্তী অনুসারে আজকের দিনেই মহাদেব ও পার্বতীর শুভ

বিবাহ সম্পন্ন হয়েছিল। সেই অনুষ্ঠানের স্মরণে আজ ভক্তরা উপবাস করেন। ধর্মীয় রীতি মেনে শিবের মাথায় জল ঢেলে শিবের উপাসনা ও পুজো সম্পন্ন করে থাকেন এই পূণ্য দিনে।

শৈব তীর্থ হুগলীর তারকেশ্বর, জলপাইগুড়ির জলপেশ মন্দির, নেপালের পশুপতি নাথ মন্দির সহ বিভিন্ন শৈব তীর্থে ভক্তরা মহাদেবের পুজো দিচ্ছেন। শিবরাত্রি উপলক্ষে আলোক মালায় সাজিয়ে তোলা হয়েছে শিব মন্দিরগুলি।

বেলুড়মঠে শিবরাত্রি পালিত হচ্ছে। সন্ধ্যারতির পর মূল মন্দিরে শিবের পুজো শুরু হবে। চারপ্রহরে চারবার এই পুজো অনুষ্ঠিত হবে।

শিবরাত্রি উপলক্ষে জমজমাট পূর্ব বর্ধমান। এই জেলাতেই রয়েছে দুটি ১০৮ শিব মন্দির। একটি রয়েছে কালনায় অপরটি বর্ধমান শহরের নবাব হাটে। দূরদূরান্ত থেকে আসা ভক্তদের সমাগম হয়েছে।

এছাড়াও আলমগঞ্জের বর্ধমানেশ্বর – যা মোটা শিব নামে খ্যাত শিবমন্দিরে ভক্তদের ভীড় উপচে পড়েছে।

বাঁকুড়ার এক্তেশ্বর ও ওন্দার সিদ্ধেশ্বর মন্দিরেও এই উপলক্ষে চলছে বিশেষ পুজার্চনা।

মুর্শিদাবাদের প্রাচীন শৈবতীর্থ পাতালেশ্বর, ডোমকল, ইসলামপুর, হরিহর পাড়ার বিভিন্ন মন্দিরে আজ সকাল থেকে ব্যাপক উৎসাহ উদ্দীপনার শিবরাত্রি পুজোর আয়োজন করা হয়েছে।

oooooooooooooooooo

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণাণ এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ শিবরাত্রি উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

পশ্চিমবঙ্গের রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস এবং মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও এই উলপক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

oooooooooooooooooooo

বিশ্বজুড়ে আজ আন্তর্জাতিক শিশু ক্যান্সার প্রতিরোধ দিবস উদযাপিত হচ্ছে। লিউকেমিয়া, ব্রেন টিউমার, লিমফোমা, কিডনি ক্যান্সার, অস্টিওসারকোমার মত রোগের উপসর্গ দেখলে তা প্রাথমিক সনাক্তকরণের জন্য জনসাধারণের মধ্যে সচেতনতা বাড়াতে আজকের দিনটি পালন করা হয়।

শিশুদের মধ্যে ক্যান্সারের লক্ষণ পাওয়া গেলেও আধুনিক চিকিৎসা ব্যবস্থার মাধ্যমে তা দ্রুত নিরাময় করা যায় বলে কলকাতার এসএসকেএম হাসপাতালের ঘাড় ও গলার ক্যান্সার সার্জেন ডক্টর যশস্বী দুবে আকাশবাণীকে জানিয়েছেন।

(বাইট – যশস্বী দুবে)

oooooooooooooooooooooo

কল্যাণিতে রঞ্জি ট্রফি সেমিফাইনালে প্রথম দিনের শেষে জম্মু ও কাশ্মীরের বিরুদ্ধে বাংলা প্রথম ইনিংসে ৫ উইকেটে ২৪৯ রান করেছে। সুদীপ ঘরামী ১৩৬ রানে অপরাজিত আছেন। অধিনায়ক অভিমন্যু ঈশ্বরণ ৪৯, শাহবাজ আহমেদ ৪২ রান করেছেন। জম্মু ও কাশ্মীরের হয়ে আকিব নবি, সুনীল কুমার দুটি করে উইকেট নিয়েছেন।

oooooooooooooooooooooooooooooooooooooooo